

JAN. 02, 2002

# দৈনিক ইককিলাব

তারিখ	...
পৃষ্ঠা	৬
কলাম	৭

## বছরের প্রথম দিনেই শতকরা ৭৫ ভাগ বই বিতরণ করা হয়েছে

-শিক্ষা প্রতিমন্ত্রী

স্টাফ রিপোর্টার : শিক্ষা প্রতিমন্ত্রী আ. ন. ম. এহসানুল হক মিলন বলেছেন, বাংলাদেশের ইতিহাসে এই প্রথম নতুন বছরের প্রথম দিনে শিক্ষার্থীদের হাতে বই তুলে দেয়া হলো। তিনি বলেন, ইতোমধ্যে প্রাথমিক স্তরের শতকরা ৭৫ ভাগ বই দেশের ৬৪টি জেলায় বিতরণ করা হয়ে গেছে। বাকি ২৫ ভাগ বই ছাপা হয়ে গেলেও বাইন্ডিং চলছে। জানুয়ারী মাসের ১৫ তারিখের মধ্যেই এই বই বিতরণ সম্পন্ন হবে। তিনি আরো বলেন, উল্লেখিত সময়ের মধ্যেই মাধ্যমিক স্তরের বই ছাপার কাজও সম্পন্ন হবে। জনাব মিলন গতকাল জাতীয়তাবাদী ছাত্রদল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা শাখা কর্তৃক আয়োজিত ছাত্রদলের ২৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক সমাবেশে একথা বলেন। সমাবেশে শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, বর্তমান সরকার ক্ষমতায় এসে মাত্র ২ মাসের মধ্যে অত্যন্ত চ্যালেঞ্জিংভাবে নির্দিষ্ট সময়ের মধ্যে যে ছাত্র-ছাত্রীদের হাতে শিক্ষাবর্ষের শুরু দিনে পাঠ্যবই তুলে দিতে পেরেছেন তা দেশনেত্রী খালেদা জিয়ার যোগ্য নেতৃত্বেরই সাফল্য।